অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/3/2022 **গভর্নর ক্যাথি হোকল**

কৃষ্ণাঙ্গ কমিউনিটিতে হওয়া অসমতা মোকাবেলায় ব্ল্যাক চার্চের মাধ্যমে অবদান রাখার জন্য চুজ হেলদি লাইফ-এর জন্য গভর্নর হোকলের 3.38 মিলিয়ন ডলার বরাদ্দের ঘোষণা

এই তহবিল নিউ ইয়র্ক সিটি জুড়ে 20টি চার্চ কর্তৃক পরিচালিত প্রতিরোধমূলক সুস্থতা কর্মসূচিতে সহায়তা প্রদান করবে

মহামারী চলাকালীন সময়ে নিউ ইয়র্কের পাঁচটি বরো জুড়ে এটির ব্ল্যাক চার্চগুলোর মাধ্যমে কোভিড-19 পরীক্ষা ও টিকা প্রদানের কাজের জন্য গভর্নর ক্যাথি হোকল আজ চুজ হেলদি লাইফ (Choose Healthy Life)-কে স্বীকৃতি দিয়েছেন। হারলেমে চুজ হেলদি লাইফ চার্চ ফার্স্ট কোরিন্থিয়ান ব্যাপটিস্ট চার্চে (First Corinthian Baptist Church) আয়োজিত একটি অনুষ্ঠানে গভর্নর ঘোষণা করেছেন যে 2023 অর্থবছরের বাজেটে 20টি চার্চের মাধ্যমে স্বাস্থ্যসেবার অসমতা মোকাবেলা এবং প্রতিরোধমূলক সুস্থতা কর্মসূচি পরিচালনা করতে চুজ হেলদি লাইফ-এর জন্য 3.38 মিলিয়ন ডলার বরাদ্দ অন্তর্ভুক্ত করা হয়েছে। গভর্নরের এই ঘোষণার মধ্য দিয়ে চুজ হেলদি লাইফ-এর "আশা ও আরোগ্যলাভ" উইকএন্ডের সূচনা হয়েছে যেখানে নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামসের ব্রুকলিনে CHL-এর কর্নারস্টোন ব্যাপটিস্ট চার্চে রবিবার, 5ই জুন চার্চ সার্ভিসের সময় বক্তব্য রাখা অন্তর্ভুক্ত রয়েছে।

"মহামারীর ফলে কৃষ্ণাঙ্গ কমিউনিটিতে স্বাস্থ্যসেবার ভয়াবহ বৈষম্য প্রকাশিত হয়ে পড়েছে, এবং আজ আমরা এসব ব্যবধান পূরণের জন্য এবং যাদের সবচেয়ে বেশি প্রয়োজন তাদের কাছে সেবা পৌঁছে দেওয়ার জন্য সুস্পষ্ট পদক্ষেপ গ্রহণ করছি," **বলেছেন গভর্নর হোকল।** "এই তহবিল সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে স্বাস্থ্যসেবার অসমতা মোকাবেলায় সাহায্য করতে অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। কোভিড মহামারী চলাকালীন সময়ে তাদের প্রচেষ্টার জন্য আমি চুজ হেলদি লাইফকে ধন্যবাদ জানাই এবং মানসম্মত সেবা লভ্য ও অ্যাক্সেসযোগ্য রাখা নিশ্চিত করতে আমাদের অংশীদারিত্ব বজায় রাখার প্রত্যাশা করি।"

স্টেটের অঙ্গীকার একটি সরকারি-বেসরকারি সহযোগিতার অংশ যার মধ্যে CHL-এর প্রতিষ্ঠাতা অংশীদার কোয়েস্ট ডায়াগনস্টিকস ফাউন্ডেশন (Quest Diagnostics Foundation) থেকে নিউ ইয়র্কে প্রতিষ্ঠিত হওয়া চার্চ ভিত্তিক কমিউনিটি স্বাস্থ্যসেবা কর্মীদল নিয়োগের জন্য অনুদান সহায়তা প্রদান করা এবং সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোকে প্রতিরোধমূলক সেবা ও সুস্থতার সঙ্গে সম্পৃক্ত করা অন্তর্ভুক্ত রয়েছে। এই গ্রীষ্মের শেষদিকে এই সুস্থতা কর্মসূচির একটি

ভিত্তিস্বরূপ *ব্লুপ্রিন্ট ফর ওয়েলনেস (Blueprint for Wellness®)* শীর্ষক একটি সমন্বিত হেলথ স্ক্রিনিং চালু করা হবে যা ব্যক্তিগত স্বাস্থ্যের শক্তি ও ঝুঁকির দিকগুলোর উপর আলোকপাত করতে শক্তিশালী তথ্য প্রদান করবে যেটি যথাযথ সংস্থান পাওয়া থেকে বঞ্চিত কৃষ্ণাঙ্গ কমিউনিটিকে নিজেদের স্বাস্থ্যের নিয়ন্ত্রণ নিতে সহায়তা করবে।

স্টেট সিনেটর কর্ডেল ক্লেয়ার বলেন, "কৃষ্ণাঙ্গ কমিউনিটির জন্য স্বাস্থ্যসেবার অসমতা আমাদের জন্য নতুন কিছু নয় - আমাদের কমিউনিটির সম্মুখীন হওয়া স্বাস্থ্যসেবার অসমতা মোকাবেলার জন্য পদক্ষেপ গ্রহণ করা দীর্ঘদিন ধরে পিছিয়ে আছে। আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থায় বিদ্যমান জাতিগত অসমতা এবং আমাদের কমিউনিটির স্বাস্থ্যসেবার ফলাফলের উপর এর প্রভাব মোকাবেলায় এই উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করতে ব্ল্যাক চার্চের সঙ্গে এই উদ্যোগ ঘোষণা করতে গভর্নরের সঙ্গে যোগ দিতে পেরে আমি আনন্দিত। ঐতিহাসিক কাল থেকে কৃষ্ণাঙ্গ কমিউনিটিতে নেতৃত্ব, আধ্যাত্মিক দিকনির্দেশনা, ও তথ্যের একটি সংস্থান হিসেবে চার্চ ভূমিকা রেখে আসছে। চার্চের সঙ্গে যৌথ সহযোগিতার মাধ্যমে এই উদ্যোগ গ্রহণ করা যথার্থ হয়েছে, বিশেষ করে এই মহামারী চলাকালীন সময়ে আমরা যখন আমাদের সামনে থাকা অসংখ্য চ্যালেঞ্জ মোকাবেলার জন্য কাজ করছি এবং আমাদের কমিউনিটির সুস্থতা, সেরে উঠা ও পুনরুদ্ধারের লক্ষ্যে আরো একটি পদক্ষেপ গ্রহণ করছি।"

CHL-এর ন্যাশনাল ব্ল্যাক ক্লার্গি হেলথ লিডারশিপ কাউন্সিল (National Black Clergy Health Leadership Council) এর সহ-সভাপতি এবং ন্যাশনাল অ্যাকশন নেটওয়ার্কের (National Action Network) প্রেসিডেন্ট রেভারেন্ড আল শার্পটন বলেন, "এই গুরুত্বপূর্ণ উদ্যোগে তার সহায়তার জন্য আমরা গভর্নরের প্রশংসা করি, যে উদ্যোগটি আমাদের চার্চ ভিত্তিক কমিউনিটি স্বাস্থ্যসেবা কর্মীদলের কার্যক্রমের মাধ্যমে আমাদের কমিউনিটিতে যে জীবন রক্ষা করা সম্ভব সে বিষয়টি ফুটিয়ে তোলা একটি প্রমাণিত মডেল।"

দ্য আবিসিনিয়ান ব্যাপটিস্ট চার্চ (The Abyssinian Baptist Church)-এর প্যাস্টর এবং CHL-এর সহ-সভাপতি রেভারেন্ড ক্যালভিন ও. বাটস III বলেন, "কয়েক দশক ধরে আমাদের কমিউনিটিকে ব্যাধিগ্রস্ত করে রাখা স্বাস্থ্য বৈষম্য মোকাবেলা করতে চুজ হেলদি লাইফ-এর মাধ্যমে আমাদের ব্ল্যাক চার্চগুলোর জন্য সংস্থান বরাদ্দ করার দ্বারা নিউ ইয়র্ক আমাদের দেশব্যাপী একটি নেতৃস্থানীয় ভূমিকা পালন করছে।"

চুজ হেলদি লাইফ নিউ ইয়র্ক ক্লার্গি কাউন্সিল লিডার রেভারেন্ড জ্যাকিউস ডিগ্রাফ বলেন, "আজ আমরা আমাদের কমিউনিটিতে স্বাস্থ্য সমতা নিয়ে আসার দিকে একটি বৃহৎ পদক্ষেপ গ্রহণ করছি। প্রসিদ্ধ ব্ল্যাক চার্চগুলোর এই নেটওয়ার্কের মাধ্যমে নিউ ইয়র্ক স্বাস্থ্যসেবার উন্নত ফলাফল পাওয়ার একটি ঐতিহাসিক জাতীয় মডেল প্রতিষ্ঠা করছে। বিশ্বাস ও বিজ্ঞানের সম্মিলনে পুনরায় ভাবা রূপকল্প ছাড়া এই নেতৃত্ব দানকারী প্রচেষ্টা অর্জন করা সম্ভব হতো না।"

প্রাথমিক পর্যায়ে CHL নিউ ইয়র্ক সহ পাঁচটি বড় সিটিতে 50টি ব্ল্যাক চার্চের একটি নেটওয়ার্ক স্থাপন করেছে এবং সেটি বৃদ্ধি পেয়ে 13টি স্টেট জুড়ে 120টি চার্চে পরিণত হয়েছে। এই কর্মসূচির সফলতার কেন্দ্রবিন্দুতে রয়েছে ব্ল্যাক চার্চে একটি কমিউনিটি স্বাস্থ্যসেবা কর্মীদল

প্রতিষ্ঠা করা। প্রথম বছরে CHL এটির চার্চগুলোর মাধ্যমে 2,200 এরও বেশি ইভেন্টের আয়োজন করে 90,000 এরও বেশি কোভিড-19 পরীক্ষা ও টিকাদানের ব্যবস্থা করেছে।

চুজ হেলদি লাইফ এর প্রতিষ্ঠাতা হলেন ডেবরা ফ্র্যাজার-হাউজ এবং কৃষ্ণাঙ্গ কমিউনিটিতে AIDS মহামারী মোকাবেলার জন্য তার প্রতিষ্ঠা করা একটি সংস্থা, ন্যাশনাল ব্ল্যাক লিডারশিপ কমিশন অন এইডস (National Black Leadership Commission on AIDS)-এ কর্মরত থাকাকালীন সময়ে তার তৈরি করা ব্যাপক সফল মডেলের ভিত্তিতে তিনি এটি প্রতিষ্ঠা করেন।

CHL-এর প্রতিষ্ঠাতা ডেবরা ফ্র্যাজার-হাউজ বলেন, "লোকজন ক্রমাগত জিজ্ঞেস করে যাচ্ছে 'আমরা কখন স্বাভাবিক অবস্থায় ফিরে যাবো?' আর আমি বলি 'আমরা স্বাভাবিক অবস্থায় ফিরে যাচ্ছি না, আমরা স্বাভাবিক অবস্থায় মারা গিয়েছি।' সত্যিকার অর্থেই একটি জাতীয় আন্দোলনে পরিণত হওয়া চুজ হেলদি লাইফকে সহায়তা করার জন্য প্রতিষ্ঠিত হওয়া এই সরকারি-বেসরকারি অংশীদারিত্বের প্রতি আমরা অনেক বেশি কৃতজ্ঞ। গভর্নর, নিউ ইয়র্ক স্টেট এবং কোয়েস্ট ডায়াগনস্টিকস সহ আমাদের কর্পোরেট অংশীদারদের সহায়তা ছাড়া আমরা আমাদের কমিউনিটিগুলোর স্বাস্থ্যসেবার অসমতা মোকাবেলা করার মতো অবস্থানে থাকতে পারতাম না।"

প্রতিষ্ঠাতা পৃষ্ঠপোষক হিসেবে কোয়েস্ট ডায়াগনস্টিকস ফাউন্ডেশন CHL-এর চার্চ ভিত্তিক কমিউনিটি স্বাস্থ্যসেবা কর্মীদল প্রতিষ্ঠা করতে আর্থিক সহায়তা প্রদান করেছে। সেইসাথে, সুবিধাবঞ্চিত কৃষ্ণাঙ্গ কমিউনিটিকে সহায়তা করার জন্য কোয়েস্ট ডায়াগনস্টিকস CHL-এর জন্য কোভিড-19 এর সংস্থানগুলো সহ ডায়াগনস্টিক পরীক্ষা ও অন্যান্য পরিষেবা দান করেছে এবং বর্তমানে প্রতিরোধমূলক সেবা ও সুস্থতা সংক্রান্ত পরীক্ষা প্রদান করছে।

কোয়েস্ট ডায়াগনস্টিকস-এর CEO-নির্বাচিত জিম ডেভিস বলেন, "কৃষ্ণাঙ্গ কমিউনিটির উপর কোভিড-19 যে বৈষম্যমূলক প্রভাব ফেলেছে এবং এর ফলে স্বাস্থ্যসেবায় যে ব্যাপক অসমতা তৈরি হয়েছে আমরা তা সরাসরি দেখেছি। জীবন রক্ষায় সাহায্য করতে এবং কৃষ্ণাঙ্গ কমিউনিটির স্বাস্থ্য উন্নত করতে চুজ হেলদি লাইফ-এর সঙ্গে আমাদের সহযোগিতার সম্পর্ক গড়ে তুলতে পেরে আমরা গর্বিত। আমাদের লক্ষ্য হলো অনেক দীর্ঘ সময় ধরে কৃষ্ণাঙ্গ কমিউনিটিগুলোকে ক্ষতিগ্রস্ত করে রাখা প্রধান বৈষম্যগুলো মোকাবেলা করতে স্বাস্থ্যসেবা সংস্থানগুলোর অ্যাক্সেস সম্প্রসারণ করা।"

2020 সালের নভেম্বর মাসে, চুজ হেলদি লাইফ এই কর্মসূচিকে দিকনির্দেশনা দিয়ে সাহায্য করতে ন্যাশনাল ব্ল্যাক ক্লার্জি হেলথ লিডারশিপ কাউন্সিল প্রতিষ্ঠা করে। রেভারেন্ড বাটস III এবং রেভারেন্ড শার্পটন এই কাউন্সিলের সহ-সভাপতিত্ব করছেন যেখানে রেভারেন্ড ডি গ্রাফ এবং যুক্তরাষ্ট্রের সিনেটর রেভারেন্ড রাফায়েল ওয়ারনক অন্তর্ভুক্ত রয়েছেন যিনি আটলান্টায় কার্যক্রমের নেতৃত্ব দিচ্ছেন। নিউ ইয়র্ক ও আটলান্টার পাশাপাশি এই কর্মসূচি ডেট্রয়েট (রেভারেন্ড হোরাস শেফিল্ড, নিউ ডেস্টিনি ক্রিস্টিয়ান ফেলোশিপ), নিউআর্ক (রেভারেন্ড ডেভিড জেফারসন, মেট্রোপলিটন ব্যাপটিস্ট) এবং ওয়াশিংটন ডিসির চার্চগুলোতে (রেভারেন্ড ফ্র্যাঙ্ক টাকার, ফার্স্ট ব্যাপটিস্ট চার্চ) প্রতিষ্ঠা করা হয়েছে।

CHL স্থানীয় ইউনাইটেড ওয়ে সংস্থাগুলোকে ইউনাইটেড ওয়ে অব নিউ ইয়র্ক সিটি (United Way of New York City)-এর অধীনে একত্রিত করেছে যা চুজ হেলদি লাইফ-এর কার্যক্রম বাস্তবায়ন অংশীদার হিসেবে কাজ করে। চার্চ ও সংস্থাগুলো অতি প্রয়োজনীয় স্বাস্থ্য পরিষেবাগুলোর অ্যাক্সেস নিশ্চিত করতে স্থানীয় স্বাস্থ্য বিভাগ, হাসপাতাল ও কমিউনিটিভিত্তিক সংস্থাগুলোর সঙ্গে সহযোগী হয়ে কাজ করে।

ইউনাইটেড ওয়ে অব নিউ ইয়র্ক সিটি-এর অন্তর্বর্তীকালীন CEO এরিক ম্যাকডোনেল বলেন, "জাতিগত অসমতা এবং স্বাস্থ্যসেবা খাতের বৈষম্য সমাধানের জন্য আমাদের কার্যক্রমের জন্য এই তহবিল অত্যন্ত গুরুত্বপূর্ণ। অশ্বেতাঙ্গ ব্যক্তিরা কোভিড-19 মহামারীর দ্বারা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে, যা কমিউনিটি পর্যায়ে অতি গুরুত্বপূর্ণ স্বাস্থ্য সংস্থানগুলোর প্রয়োজনের বিষয়টি স্পষ্ট করে তুলেছে। আমাদের সিটির ব্ল্যাক চার্চ ও ক্লার্গিদের সঙ্গে কাজ করার মাধ্যমে, আমরা আমাদের কমিউনিটিগুলোর মধ্যে কোভিড-19 পরীক্ষা ও টিকাদানের একটি বিশ্বস্ত উৎস প্রতিষ্ঠা করেছি এবং এটি আমাদের কমিউনিটিগুলোতে অশ্বেতাঙ্গ লোকজনের সুস্থতা সম্পর্কে শিক্ষাদান, অবহিতকরণ, ও সমর্থনের জন্য আমাদের সহায়তা করা অব্যাহত রাখবে।"

চুজ হেলদি লাইফ-এর সফলতার ক্ষেত্রে এটির চার্চ-ভিত্তিক স্বাস্থ্য কমিউনিটি স্বাস্থ্যসেবা কর্মীদলের কাছে নির্ভুল ও সময়ানুগ তথ্য ও শিক্ষা পৌঁছে দেওয়ার বিষয়টি নিশ্চিত করতে বিশ্বাস ও মেডিকেল বিজ্ঞানকে একসঙ্গে নিয়ে আসতে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। এই উদ্দেশ্য পূরণের জন্য, CHL-এর রয়েছে একটি প্রতিষ্ঠিত মেডিকেল পরামর্শ বোর্ড যেখানে সাবেক CDC ডিরেক্টর এবং NYC স্বাস্থ্য কমিশনার ড. টম ফ্রেইডেন, যুক্তরাষ্ট্রের স্বাস্থ্য ও মানবসেবা বিষয়ক সাবেক সেক্রেটারি ও সভাপতি এবং মোরহাউজ স্কুল অব মেডিসিন (Morehouse School of Medicine)-এর এমিরেটাস ড. লুইস সালিভান, যুক্তরাষ্ট্রের হাউজ অব রিপ্রেজেন্টেটিভস (U.S. House of Representatives)-এর প্রথম মহিলা ডাক্তার ড. ডনা ক্রিস্টেনসেন (1997-2015), ওয়াশিংটন ডিসির সাবেক স্বাস্থ্য কমিশনার ড. রিড টাকসন, হোয়াইট হাউজ হেলথ ইক্যুইটি টাস্ক ফোর্স (White House Health Equity Task Force)-এর সাবেক সভাপতি ড. মার্সেলা নুনেজ-স্মিথ এবং হার্ভার্ড মেডিকেল স্কুল ফেলোশিপে প্রশিক্ষণপ্রাপ্ত ওবেসিটি মেডিসিন বিশেষজ্ঞ ড. ফাতিমা কোডি স্ট্যানফোর্ড অন্তর্ভুক্ত রয়েছেন।

CHL-এর অনুদান আসে সরকারি/বেসরকারি সহযোগিতা থেকে যার মধ্যে প্রতিষ্ঠাতা অংশীদার কোয়েস্ট ডায়াগনস্টিকস ফাউন্ডেশন, রিসলভ টু সেভ লাইভস (Resolve to Save Lives), সিমেন্স ফাউন্ডেশন (Siemens Foundation), নোভো নর্ডিস্ক (Novo Nordisk), স্বাস্থ্য সংস্থান ও পরিষেবা প্রশাসন (Health Resources and Services Administration, HRSA) এবং এখন নিউ ইয়র্ক স্টেট অন্তর্ভুক্ত রয়েছে।

চুজ হেলদি লাইফ সম্পর্কে
চুজ হেলদি লাইফ (CHL) হলো একটি ব্ল্যাক চার্চ উদ্যোগ যা কৃষ্ণাঙ্গ কমিউনিটির সবচেয়ে পুরোনো ও সবচেয়ে আস্থাভাজন প্রতিষ্ঠান, চার্চগুলো যাতে কোভিড-19, অন্যান্য স্বাস্থ্য বৈষম্য মোকাবেলা করতে এবং প্রতিরোধমূলক সুস্থতা কর্মসূচি পৌঁছে দেওয়ার জন্য প্রয়োজনীয় সংস্থান, প্রশিক্ষণ, ও সহায়তা পায় সে বিষয়টি নিশ্চিত করছে। প্রাথমিক পর্যায়ে CHL নিউ ইয়র্ক

সহ পাঁচটি বড় সিটিতে পঞ্চাশটি (50) ব্ল্যাক চার্চের একটি নেটওয়ার্ক স্থাপন করেছে এবং সেটি বৃদ্ধি পেয়ে 13টি স্টেট জুড়ে 120টি চার্চে পরিণত হয়েছে। এই কর্মসূচির সফলতার কেন্দ্রবিন্দুতে রয়েছে চার্চে একটি বিশ্বাস-ভিত্তিক কমিউনিটি স্বাস্থ্যসেবা কর্মীদল প্রতিষ্ঠা করা। প্রথম বছরে CHL এটির চার্চগুলোর মাধ্যমে 2,200 এরও বেশি ইভেন্টের আয়োজন করে 90,000 এরও বেশি কোভিড-19 পরীক্ষা ও টিকাদানের ব্যবস্থা করেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন